

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩৪০

আগরতলা, ২৪ ডিসেম্বর, ২০২৩

দুদিনব্যাপী শ্যামহরি শর্মা স্মৃতি প্রাইজমানি ভলিবল টুর্নামেন্টের উদ্বোধন  
খেলাধুলা সৌভাগ্যবোধ সুদৃঢ় করে : মুখ্যমন্ত্রী

খেলাধুলা জীবন গড়ে। খেলাধুলা সৌভাগ্যবোধ সুদৃঢ় করে। খেলাধুলার প্রতি মানুষ যত বেশি আগ্রহী হবে নেশামুক্ত ত্রিপুরা গড়ার কাজ তত বেশি সহজতর হবে। আজ বিকেলে বড়দোয়ালিস্থিত যুবক সংঘ মাঠে দুদিনব্যাপী শ্যামহরি শর্মা স্মৃতি প্রাইজমানি ভলিবল টুর্নামেন্টের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডি.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, খেলাধুলায় হার জিত থাকবে। সেটা বড় বিষয় নয়। খেলাধুলায় অংশগ্রহণটাই মূল বিষয়। তিনি বলেন, শ্যামহরি শর্মা কিভাবে ঘাতক বাহিনীর হাতে খুন হয়েছিলেন তা সকলের জানা। তাঁকে শ্রদ্ধা জানানোর জন্যই এই টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে।

যুবক সংঘ আয়োজিত এই প্রতিযোগিতায় মোট ১৩টি দল অংশ নিয়েছে। দিবারাত্রি এই ভলিবল টুর্নামেন্টের সমাপ্তি হবে আগামীকাল। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক অন্তরা সরকার দেব, আগরতলা পুরনিগমের দক্ষিণ জোনের চেয়ারম্যান অভিজিৎ মল্লিক, আগরতলা পুরনিগমের কর্পোরেট সম্পা সেন চৌধুরী, সমাজসেবী রাজীব ভট্টাচার্য, সমাজসেবী সঞ্জয় সাহা, সমাজসেবী অসীম ভট্টাচার্য, ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের যুগ্ম সম্পাদক স্বপন সাহা, যুবক সংঘের সভাপতি দেবাশিস রায় প্রমুখ। স্বাগত ভাষণ দেন যুবক সংঘের সাধারণ সম্পাদক নারায়ণ দেবনাথ। অনুষ্ঠান শুরুর আগে মুখ্যমন্ত্রী সহ অতিথিগণ প্রয়াত শ্যামহরি শর্মার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। উদ্বোধনী দিনে প্রতিযোগিতায় অরবিন্দ সংঘ বনাম বেরিমুড়া ভলিবল প্লে সেন্টার পরম্পরের মুখোমুখি হয়। খেলা শুরুর আগে মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ খেলোয়াড়দের সাথে পরিচিত হন। প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ও রানার্স দলকে যথাক্রমে ২০ হাজার টাকা ও ১০ হাজার টাকা ও ট্রফি দেওয়া হবে।

\*\*\*\*\*